74

দৈনিক সংবাদ

তারিখ 15 JAN 1994
পৃষ্ঠা ৪ কলাম ৬

## শিক্ষামন্ত্রী সমীপে

বাংলাদেশের সকল শিক্ষাবোর্ডে পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের বাংলায় সনদপত্র প্রদান করা হয়ে থাকে। এতে করে ছাত্র-ছাত্রীরা এই সকল সনদপত্র দিয়ে বিদেশে উচ্চশিক্ষা, চাকরি বা অণ্যান্য যেকোন আন্তর্জাতিক কাজে লাগাতে পারছে না। এসব কাজে লাগাতে হলে প্রয়োজন হয় ইংরেজীতে, আর তা ইংরেজীতে করাতে গেলে অর্থ ব্যয় হয় ও নানা ধরনের ভোগান্তিতে ভূগতে হয়। তাই মাননীয় মন্ত্রী জমির উদ্দীন সরকারের নিকট আবেদন যেন এ বিষয়ে যত তাড়াতাড়ি সম্ভব সঠিক ব্যবস্থা গ্রহণ করে দেশের সকল ছাত্র সমাজকে উপকৃত করে বাধিত করবেন।

এ বিষয়ে আমাদের মতামত আমাদের সনদপত্রের এক পৃষ্ঠায় বাংলা এবং অপর পৃষ্ঠায় ইংরেজিতে প্রস্তুত করা হলে ছাত্র-ছাত্রীরা যে কোন দেশী-বিদেশী কাজে ব্যবহার করতে পারবে।

ছাত্রদের পক্ষ থেকে-
এ,টি,এম সাইফুল হক (১ম বর্ষ)
রোল ৩৫৪ (বাণিজ্য),
আইডিয়াল কলেজ;
মানসুরা খানম (১ম বর্ষ)
ঢাকা সিটি কলেজ, ঢাকা;
মোঃ সোহেল রানা, তেজগাঁও কলেজ;
বাবলী আক্তার, আইডিয়াল কলেজ
(২য় বর্ষ);
তাপসীরাবেয়া
ইউনিভার্সিটি উইমেন্স ফেডারেশন
এবং অপর ৮ জন ছাত্রছাত্রী।